



সনাতন ধর্মাবলম্বীদের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মানববন্ধন



গত ১৬ মার্চ সুনামগঞ্জের শাল্লাসহ দেশের বিভিন্ন স্থানে সনাতন ধর্মাবলম্বীদের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে ২২ মার্চ ২০২১-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মানববন্ধন করেছে।

মানববন্ধনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ মানববন্ধনে অংশগ্রহণ করেন।